



রক্তদানে উৎসাহিত করলেন মসজিদুল হারামের ইমাম, মানবসেবার দৃষ্টান্ত স্থাপন



সংগৃহীত ছবি

ক্রাউন প্রিন্স মোহাম্মদ বিন সালমানের উদ্যোগে সৌদি আরবে আয়োজিত বার্ষিক রক্তদান কর্মসূচিতে অংশ নিলেন মসজিদুল হারামের প্রধান শায়খ আব্দুর রহমান আস সুদাইস ও ইমাম শায়খ বান্দার বালিলাহ। জাতীয় রক্তব্যাকের মজুত বৃদ্ধি ও সচেতনতা গড়ে তুলতে এ উদ্যোগ দেশজুড়ে আলোড়ন সৃষ্টি করেছে।

সৌদি আরবজুড়ে স্বেচ্ছা রক্তদানকে জনপ্রিয় করতে রাজধানী রিয়াদের কিং সালমান বিন আবদুল আজিজ মেডিকেল সেন্টারে শুরু হয়েছে বার্ষিক রক্তদান অভিযান। এই কর্মসূচির উদ্বোধনী দিনে সবার আগে রক্তদান করেন মসজিদুল হারামের প্রধান শায়খ আব্দুর রহমান আস সুদাইস এবং ইমাম ও খতিব শায়খ বান্দার বালিলাহ।

ক্রাউন প্রিন্স মোহাম্মদ বিন সালমানের পৃষ্ঠপোষকতায় আয়োজিত এ অভিযানের উদ্দেশ্য হলো জাতীয় রক্তব্যাককে শক্তিশালী করা এবং জনগণকে রক্তদানের মাধ্যমে মানবসেবায় সম্পৃক্ত করা। কাবার দুই ইমাম জানিয়েছেন, এ উদ্যোগ প্রাণ বাঁচানো ও সমাজসেবার মতো ইসলামী নীতির প্রতিফলন ঘটাবে।

কর্মসূচিটি বাস্তবায়নে সহযোগিতা করেছে সৌদি স্বাস্থ্য মন্ত্রণালয় ও রেড ক্রিসেন্ট কর্তৃপক্ষ। এ ছাড়া প্রধান শহরগুলোতে মোবাইল রক্তদান ইউনিট চালু করা হয়েছে। ভিশন ২০৩০ পরিকল্পনার আওতায় জনস্বাস্থ্য খাতের উন্নয়ন ও নাগরিক সম্পৃক্ততা বৃদ্ধির বড় লক্ষ্য অর্জনের অংশ হিসেবে এ উদ্যোগকে দেখা হচ্ছে।

সূত্র: ইনসাইড দ্য হারামাইন